

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

নথি নং-২১.০০.০০০০.০৫৪.০৬.১৬২.১৯-৫০৯

তারিখ: ০৩ অক্টোবর, ২০১৯

গত ১৯/০৩/২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অন্যান্য সিদ্ধান্তের মধ্যে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

**“বিভাগীয় সমন্বয় কমিটির সভায় সংশ্লিষ্ট বিভাগে চলমান প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে এবং বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠেয় উন্নয়ন কমিটির সভায় আইএমইডি’র প্রতিনিধি প্রেরণ করতে হবে।”** (সিদ্ধান্ত নং-৮.৩)

২। এনইসি সভার উল্লিখিত সিদ্ধান্ত প্রতিপালনের নিমিত্ত এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টরের প্রতিনিধিগণ (সর্বনিম্ন পরিচালক পর্যায়ের কর্মকর্তা) নিম্নলিখিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে উল্লিখিত সভায় অংশগ্রহণ করে থাকেনঃ

ক্রঃনং	বিভাগীয় কমিশনারের কার্যালয়	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর
০১	ঢাকা	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০১
০২	চট্টগ্রাম	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০২
০৩	রাজশাহী	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০৩
০৪	খুলনা	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০৪
০৫	সিলেট	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০৫
০৬	বরিশাল	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০৬
০৭	রংপুর	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০৭
০৮	ময়মনসিংহ	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ০৮

৩। উল্লিখিত সভা আয়োজন ও এতে অংশগ্রহণের তথ্য সমন্বয় ও এমআইএস সেক্টরে পাওয়া যায়নি। অপরপক্ষে, মন্ত্রিপরিষদ বিভাগে এ সংক্রান্ত প্রমাণক জরুরী ভিত্তিতে প্রেরণ আবশ্যিক।

৪। বর্ণিতাবস্থায়, ইতোমধ্যে সম্পন্ন বিভাগীয় সমন্বয় কমিটির সভায় এ বিভাগের প্রতিনিধির অংশগ্রহণ সংক্রান্ত প্রমাণক আগামী ০৯ অক্টোবর, ২০১৯ তারিখ এর মধ্যে এবং পরবর্তী সভাসমূহে অংশগ্রহণের প্রমাণকসমূহ তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ কামরুল ইসলাম)

উপপরিচালক

ফোন : ৯১৩৩৬৩৫

বিতরণঃ

মহাপরিচালক

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮

আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

- ১। অতিরিক্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। যুগ্মসচিব, সমন্বয় ও এমআইএস, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। অফিস কপি।